# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪৪ : উলামা, বয়স্ক ও সম্মানী ব্যক্তিদের শ্রদ্ধা করা, তাঁদেরকে অন্যান্যদের উপর প্রাধান্য দেওয়া, তাঁদের উচ্চ আসন দেওয়া এবং তাঁদের মর্যাদা প্রকাশ করার বিবরণ

(44)ـ بَابُ تَوْقِيْرِ الْعُلَمَاءِ وَالْكِبَارِ وَأَهْلِ الْفَضْلِوَتَقْدِيْمِهِمْ عَلٰى غَيْرِهِمْ، وَرَفْعِ مَجَالِسِهِمْ، وَإِظْهَارِ مَرْتَبَتِهِمْ

আরবী

وعن أَنس رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم: «ما أَكْرَمَ شَابٌّ شَيْخاً لِسِنِّهِ إِلاَّ قَيَّضَ اللهِ لَهُ مَنْ يُكْرِمُهُ عِنْد سِنِّه»رواه الترمذي وقال حديث غريب

বাংলা

১২/৩৬৩। আনাস রাদিয়াল্লাহু ’’আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যদি কোনো বৃদ্ধ লোককে কোনো যুবক তার বার্ধক্যের কারণে সম্মান দেখায়, তবে তার বৃদ্ধাবস্থায় আল্লাহ এমন লোককে নির্ধারণ করে দিবেন, যে তাকে সম্মান দেখাবে।” তিরমিযী হাদীসটিকে গরীব বলেছেন।[1]

## English

(44) Chapter: Revering the Scholars and Elders, Preferring them to others and raising their Status

Anas bin Malik (May Allah be pleased with him) reported:
Messenger of Allah (ﷺ) said, "If a young man honours an older person on account of his age, Allah appoints someone to show reverence to him in his old age"

[At-Tirmidhi].

Commentary: The reward of the noble behaviour mentioned in this Hadith is confirmed by other authentic texts. The Hadith is classified as Da`if (weak).

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ আমি হাদীসটি সম্পর্কে “সিলসিলাহ্ য‘ঈফা” গ্রন্থের (৩০৪) নং হাদীসে আলোচনা করেছি এবং এর দু’টি সমস্যা উল্লেখ করেছি। [ওকাইলী ইয়াযীদ ইবনু বায়ান সম্পর্কে বলেনঃ তার মুতাবা‘য়াত করা হয়নি। আর হাদীসটি একমাত্র তার মাধ্যমেই চেনা যায়। দারাকুতনী বলেনঃ তিনি দুর্বল। আর ইমাম বুখারী বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। ইবনু আদী বলেনঃ এটি মুনকার হাদীস। আর তার শাইখ আবুর রিহাল সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি শক্তিশালী নন, মুনকারুল হাদীস। ইমাম বুখারী বলেনঃ তার নিকট আজব আজব বর্ণনা রয়েছে। দেখুন উক্ত (৩০৪) নম্বর হাদীসে]।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22794

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন